



সচিবালয়ের নতুন ভবনে আগুন, দ্রুত নিয়ন্ত্রণে



সংগৃহীত ছবি

ঢাকার সচিবালয়ের নতুন কেবিনেট ভবনের অষ্টম তলায় হঠাৎ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। রবিবার (৩০ নভেম্বর) দুপুরে এ আগুনের খবর পেয়ে ফায়ার সার্ভিস দ্রুত ঘটনাস্থলে পৌঁছায়।

ফায়ার সার্ভিস জানায়, সচিবালয়ের ২০ তলা নতুন ভবনের ৯ তলায় বাইরের অ্যাডজাস্ট ফ্যানের বৈদ্যুতিক ত্রুটি থেকেই আগুনের সূত্রপাত হয়। খবর পেয়ে তিনটি ইউনিট সেখানে গলেও বড় ধরনের কোনো পদক্ষেপ নিতে হয়নি। ভবনে থাকা ফায়ার এক্সটিংগুইশার ব্যবহার করে আগুন তাৎক্ষণিকভাবে নিয়ন্ত্রণে আনা হয়।

ঘটনার পর ভবনের কর্মচারীরা সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে দ্রুত নিচে নেমে আসেন। তবে এ ঘটনায় কেউ আহত হয়নি এবং বড় কোনো ক্ষয়ক্ষতির খবরও পাওয়া যায়নি।

LENS ASIA